

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ্জ অফিস  
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।


নং-১৬.০৩.০০০০.০০২.০১.০০১.১৫-৬২৫

তারিখ- ০৮/০৮/২০১৫ খ্রি:।

বিষয় : ২০১৫ সালের হজ্জ বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের ভিসা প্রক্রিয়া সম্পন্নকরণ।

উপর্যুক্ত বিষয়ে ২০১৫- সালের হজ্জ কার্যক্রমে অংশগ্রহণকারী সকল হজ্জ এজেন্সীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৬/০৮/২০১৫ খ্রি: তারিখ হতে হজ্জযাত্রীদের হজ্জ ফ্লাইট শুরু হতে যাচ্ছে। হজ্জ অফিস, ঢাকা এজেন্সীসমূহের ভিসা প্রাপ্তির নিমিত্ত ডিও পত্র ইস্যুর জন্য সদা প্রস্তুত ও অপেক্ষমান। ভিসা লজমেন্ট সংক্রান্ত কোন সমস্যা হচ্ছে কি-না; হলে যোগাযোগ করা হয়েছে কি-না; সমস্যা উত্তরণের উপায় বলা থাকছে কি-না; থাকলে সমস্যাটি হজ্জ অফিস, ঢাকা অথবা বাংলাদেশ হজ্জ অফিস, জেদ্দার এখতিয়ারাধীন কি-না তাও জানানোর জন্য অনুরোধ করা হলো। কোন এজেন্সীর অবহেলা জনিত কারণে সম্মানিত হজ্জযাত্রীগণ যেতে না পারলে এবং হজ্জ ফ্লাইটের বিপর্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীকে বহন করতে হবে।

বর্ণিতাবস্থায়, এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সকল এজেন্সীকে অনুরোধ করা হলো। সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনায় সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

  
(ড. আবু সালেহ মোস্তফা কামাল)  
পরিচালক  
ফোন : ৮৯৫৮৪৬২।

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/অংশীদার/পরিচালক

নং-১৬.০৩.০০০০.০০২.০১.০০১.১৫-৫২৫

তারিখ- ০৮/০৮/২০১৫ খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি., কুর্মিটোলা, ঢাকা।
- ৬। কাউন্সেলর(হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, জেদ্দা-সৌদি আরব।
- ৭। যুগ্ম-সচিব(হজ্জ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) ঢাকা ( জাতীয় হজ্জ ও ওমরা নীতি ২০১৪ খ্রি: এর অনুচ্ছেদ ৭.১৬ অনুযায়ী সকল এজেন্সীকে উক্ত নির্দেশনা প্রতিপালনের অনুরোধসহ )।